# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 17-08-2025** **Time: 7.35 A.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) RG কর-কাণ্ডে নিহত চিকিৎসকের পরিবারের সঙ্গে রাষ্ট্রপতি ভবন থেকে ই-মেলের মাধ্যমে যোগাযোগ করে পাশে থাকার আশ্বাস দেওয়া হয়েছে।

ন্যায়বিচারের দাবি আরও জোরালো হল বলে মনে করছেন নির্যাতিতার বাবা মা।

২) রাজনৈতিক চাপে কলকাতায় দ্য বেঙ্গল ফাইলস-এর ট্রেলার প্রকাশে বাধা দেওয়া হয়েছে বলে পরিচালক বিবেক অগ্নিহোত্রী অভিযোগ করেছেন।

৩) নতুন খরিফ মরশুমে ধান কেনার জন্য আগামী পয়লা নভেম্বর থেকে রাজ্যের নানা প্রান্তে আয়োজন করা হবে শিবিরের।

৪) পুজোর আগেই ফারাক্কার দ্বিতীয় সেতু তৈরির কাজ শেষ হবে বলে জাতীয় সড়ক কর্তৃপক্ষ জানিয়েছে।

৫) ১৩৪ তম ডুরান্ড কাপ ফুটবলের কোয়ার্টার ফাইনালে কলকাতার ডার্বিতে আজ মুখোমুখি হচ্ছে মোহনবাগান সুপারজায়ান্ট ও ইস্টবেঙ্গল।

-----------------------------------------------------------------------------------------------------

RG কর-কাণ্ডে নিহত চিকিৎসকের পরিবারের সঙ্গে রাষ্ট্রপতি ভবন থেকে ই-মেলের মাধ্যমে যোগাযোগ করে পাশে থাকার আশ্বাস দেওয়া হয়েছে। সম্প্রতি রাষ্ট্রপতি **দ্রৌপদী মুর্মু**র সাক্ষাৎ চেয়ে মেল করেছিলেন নির্যাতিতার মা-বাবা। তার উত্তরে  রাষ্ট্রপতি ভবন থেকে রাজ্যের মুখ্যসচিব মারফত পাল্টা মেল করে দ্রুত যোগাযোগের আশ্বাস দেওয়া হয়েছে। চিঠিতে জানানো হয়েছে, রাষ্ট্রপতির আপ্ত সহায়ক শিগগিরই নির্যাতিতার পরিবারের সঙ্গে যোগাযোগ করবেন । তাদের সমস্যাগুলি সমাধানের চেষ্টা করার আশ্বাসও মিলেছে বলে খবর। এই ইমেলে নির্যাতিতা চিকিৎসকের বাবা-মা স্বস্তি প্রকাশ করেছেন ।

(বাইট – বাবা-মা)

---------------------------

গ্রেট ক্যালকাটা কিলিংস এর প্রেক্ষাপটে নির্মিত ছায়াছবি দ্য বেঙ্গল ফাইলস-এর ট্রেলার প্রকাশে বাধা দেওয়ার অভিযোগে শহরের এক পাঁচতারা হোটেলে গতকাল তীব্র উত্তেজনা তৈরি হয়ে। ওই সিনেমার পরিচালক বিবেক অগ্নিহোত্রীর অভিযোগ, ট্রেলার চলাকালীনই হোটেল কর্তৃপক্ষ তার কেটে দিয়ে প্রচার বন্ধ করে দেয়। অভিযোগ-পাল্টা অভিযোগ, দু-পক্ষের দীর্ঘ চাপান-উতোরের পর কলকাতা পুলিশ হোটেলে ঢুকে বিবেক অগ্নিহোত্রী-সহ দ্য বেঙ্গল ফাইলস-এর গোটা টিমকে সরিয়ে নিয়ে যায়। ছবির পরিচালক

হোটেলে দাঁড়িয়েই পুলিশ ও রাজ্য সরকারের ভূমিকা নিয়ে প্রশ্ন তোলেন। তিনি বলেন, সত্যজিৎ রায়ের শহরে পরিচালকের কণ্ঠস্বর রোধ করা হচ্ছে। রাজনৈতিক চাপে এই আচরণ বলেও তাঁর দাবি।

বাইট

হোটেল কর্তৃপক্ষ এই অভিযোগকে ভিত্তিহীন বলে খারিজ করেছে। এর আগেও একবার প্রয়োজনীয় অনুমতি না থাকার কারণ দেখিয়ে দ্য বেঙ্গল ফাইলস ছবির ট্রেলার প্রকাশ অনুষ্ঠান বাতিল করা হয়েছিল।

ভয় পেয়েই ট্রেলার বন্ধ করে দেওয়া হয়েছে বলে অভিযোগ করেছেন বর্ষিয়ান অভিনেতা তথা বিজেপি নেতা মিঠুন চক্রবর্তী।

বাইট

--------------------------

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার 'দ্য বেঙ্গল ফাইলস' ছবির প্রদর্শনী বন্ধ করার নিন্দা করেছেন। এক্স হ্যান্ডেলে তিনি বলেন, কিংবদন্তি চলচ্চিত্র নির্মাতা সত্যজিৎ রায়ের রাজ্যে এই লজ্জাজনক ঘটনা ঘটেছে, যা গণতান্ত্রিক শালীনতার প্রতিটি সীমা লঙ্ঘন করেছে।

--------------------------

ডাইরেক্ট একশন ডে এবং গ্রেট ক্যালকাটা কিলিংস্-এর স্মরণে বিজেপি গতকাল কলকাতায় এক পদযাত্রার আয়োজন করে। কলেজ স্কোয়ার থেকে মিছিল শুরু হয়ে রানী রাসমনি রোডে পর্যন্ত মিছিল যায়। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মিছিলে অংশ নিয়ে বলেন, গোপাল চন্দ্র মুখোপাধ্যায়ের মতো নির্ভিক কিছু ব্যক্তির নেতৃত্বে ঐ দিন পাল্টা প্রতিরোধ গড়ে তোলা হয়।

বাইট

গতকাল আলিপুরে গোপাল মুখোপাধ্যায়ের মূর্তিরও উদ্বোধন করেন বিরোধী দলনেতা।

-------------------------

নতুন খরিফ মরশুমে ধান সংগ্রহের প্রস্তুতি নিচ্ছে রাজ্য সরকার। ২০২৫-২৬ এর ধান সংগ্রহ প্রকল্পে কৃষকদের কাছ থেকে সরাসরি ধান কেনার জন্য পয়লা নভেম্বর থেকে রাজ্যের বিভিন্ন প্রান্তে শুরু হবে ক্যাম্প। সম্প্রতি খাদ্য ও সরবরাহ দপ্তর এবং সমবায় দপ্তরের যৌথ বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সিদ্ধান্ত অনুযায়ী, এ বছরও সমবায়ের মাধ্যমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের কাছ থেকে কুইন্টাল প্রতি ২ হাজার ৩৬৯ টাকা দরে ন্যূনতম সহায়ক মূল্যে ধান কেনা হবে। সমস্ত ক্যাম্পে প্রচারের জন্য মাইকিং, লিফলেট ও ব্যানারের ব্যবহার বাধ্যতামূলক। ক্যাম্পগুলিতে বায়োমেট্রিক যাচাই ছাড়া

কোনও ধান কেনা হবে না এবং কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি টাকা পাঠানোর প্রক্রিয়া চলবে। চলতি বছর ১৭৯টি মোবাইল সিপিসি চালু করা হয়েছে যাতে প্রান্তিক এলাকার কৃষকরাও কাছাকাছি এলাকায় ধান জমা দিতে পারেন।

গত মরশুমে রাজ্য সরকারের সমবায় দপ্তর ৯১৩টি পিএসএস-এর মাধ্যমে ৯ লক্ষ ৭ হাজার ৯৯৮ মেট্রিক টন, ১১টি ল্যাম্পস-এর মাধ্যমে ৬৮২৬ মেট্রিক টন ও ১২টি পিএমএসএস-এর মাধ্যমে ১০৫৫৬ মেট্রিক টন ধান সংগ্রহ করেছিল। এবার সেই সাফল্যের রেকর্ড ছাপিয়ে যাওয়াই সরকারের লক্ষ্য।

---------------------------

রাজ্যের সব কৃষকদের ফসল বীমার আওতায় আনার দাবী জানিয়েছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। বিষয়টি নিয়ে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি কে তিনি চিঠি দিয়েছেন বলে অধীর বাবু জানিয়েছেন। ওই চিঠিতে রাজ্যের বন্যাকবলিত এলাকার কৃষকদের দুরবস্থার কথা উল্লেখ করে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন অধীর বাবু। এ ব্যাপারে রাজ্য সরকারের তরফেও প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের আবেদন জানিয়েছেন তিনি।

---------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৫-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ. আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

-------------------------

পুজোর আগেই ফরাক্কার দ্বিতীয় সেতু তৈরির কাজ শেষ হবে। চার লেনের নতুন এই সেতু চালু হলে উত্তর ও দক্ষিণবঙ্গের সড়ক যোগাযোগ ব্যবস্থায় নতুন গতির সঞ্চার হবে বলে মনে করা হচ্ছে। কেন্দ্রীয় সরকারের সড়ক পরিবহন মন্ত্রকের উদ্যোগে ২০১৮ সালে ৬২২ কোটি টাকা ব্যয়ে প্রায় সাড়ে পাঁচ কিলোমিটার দীর্ঘ এই সেতুর কাজ শুরু হয়। কয়েকবার নানা কারণে বিলম্বিত হওয়ার পর এখন সেতু নির্মাণের মূল পর্বের কাজ শেষ হয়েছে বলে জাতীয় সড়ক কর্তৃপক্ষ সূত্রে জানা গেছে। ফরাক্কা ব্যারাজের উপর

বর্তমান যে সেতুটি আছে সেটি দু'লেনের। অথচ সেতুর দু'দিকেই ১২ নম্বর জাতীয় সড়কে চার লেনের হওয়ায় যান চলাচল বিলম্বিত হয়।

--------------------------

ভগবান শ্রীকৃষ্ণের জন্মতিথি পালনের অঙ্গ হিসাবে যথোচিত মর্যাদায় আজ নন্দ উৎসব চলছে কৃষ্ণধাম গুলিতে। নদীয়ার মায়াপুর ইসকন মন্দিরে ভোর থেকে শুরু হয়েছে নানা অনুষ্ঠান। একটি প্রতিবেদন

ভিসি-অনুপম মোদক

--------------------------

মেদিনীপুরের জোড়া মসজিদে গতকাল হযরত সৈয়দ শাহ রশিদ আলি আলকাদেরির চতুর্থ বার্ষিক উরস শ্রদ্ধার সঙ্গে পালিত হয়েছে। জাতি,ধর্ম,বর্ণ নির্বিশেষে অগণিত মানুষ এই অনুষ্ঠানে যোগদান করেন।

--------------------------

কমিশনার অফ রেলওয়ে সেফটি সুমিত সিংহল গতকাল মেট্রো রেলের ইয়ালো লাইনের দমদম ক্যান্টনমেন্ট থেকে জয়হিন্দ বিমানবন্দর স্টেশন পর্যন্ত অংশে লাইনের কাজ সরেজমিনে পরিদর্শন করেন। লাইন, আপৎকালীন ব্যবস্থা, যাত্রী পরিষেবায় নেওয়া সব ব্যবস্থা সহ সবকিছু খতিয়ে দেখেন। জয়হিন্দ বিমানবন্দর স্টেশন থেকে নোয়াপাড়া

স্টেশন পর্যন্ত ট্রেনের গতি পরীক্ষা করে দেখা হয়। সব কিছু খতিয়ে দেখে তিনি সন্তোষ প্রকাশ করেছেন বলে মেট্রো রেল এক বিবৃতিতে জানিয়েছে।

-------------------------

বিশিষ্ট সাঁতারু বুলা চৌধুরীর হিন্দমোটরের পৈতৃক বাড়ি থেকে চুরির ঘটনায় তদন্ত শুরু করেছে সিআইডি। পুলিশ ইতোমধ্যেই একজনকে গ্রেপ্তার করেছে। গতকাল সিআইডির ফরেনসিক এবং ফিঙ্গারপ্রিন্ট দল নমুনা সংগ্রহ করার পাশাপাশি ঘরের চারপাশের ছবি তোলেন। এর আগেও এই বাড়িতে তিনবার চুরির ঘটনা ঘটেছে বলে স্থানীয় সূত্রে জানা গেছে।

-------------------------

মূর্শিদাবাদের নওদার চাঁদপুর এলাকায় এক বাংলাদেশী অনুপ্রবেশকারিকে পুলিশ গ্রেফতার করেছে। পাকড়াও করা হয়েছে স্থানীয় এক দালালকে । জানা গেছে আরিফ খান নামে ওই ব্যক্তি বাংলাদেশের খুলনার বাসিন্দা। নির্দিষ্ট খবরের ভিত্তিতে পুলিশ অভিযান চালায়। তার কাছে কোন বৈধ কাগজপত্র ছিল না। গ্রেফতার হওয়া দালাল সাহজামাল শেখ নওদার বাসিন্দা। গতকাল বহরমপুর জেলা আদালতে তোলা হলে পাঁচদিনের পুলিশ হেফাজত হয়েছে।

-------------------------

জন্মাষ্টমীর সন্ধ্যায় কলকাতার প্রিন্সেপ ঘাট স্টেশনে এক যুব'কের রক্তাক্ত দেহ উদ্ধারকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়ায়। স্টেশনের দুনং প্লাটফর্মে তাকে পড়ে থাকতে দেখে পুলিশে খবর দেওয়া হয়। মাথায় ধারালো অস্ত্রের আঘাত ছিলো। হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষনা করেন। দেহটি ময়না তদন্তে পাঠানো হয়েছে। পুলিশ ও জিআরপি ঘটনার তদন্ত করছে।

-------------------------

মোহনবাগান সুপারজায়ান্ট ও ইস্টবেঙ্গল ১৩৪ তম ডুরান্ড কাপ ফুটবলের কোয়ার্টার ফাইনালে আজ মুখোমুখি হবে। সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়। দুটি দলই গ্রুপ পর্বে তিনটি ম্যাচই জিতে শেষ আটে পৌঁছেছে। দুই চিরপ্রতিদ্বন্দ্বী দলের ডার্বি ম্যাচকে ঘিরে ব্যাপক উন্মাদনার সৃষ্টি হয়েছে। টিকিটের চাহিদা তুঙ্গে। এই ম্যাচের জন্য কড়া নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে।

এদিকে, আজ জামশেদপুরে বিকেল চারটেয় আরেকটি কোয়ার্টার ফাইনাল ম্যাচে ডায়মন্ডহারবার এফ সি, জামশেদপুর এফ সির বিরুদ্ধে খেলবে।

------------------------- -------------------------